

া সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৭

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ৩. নবী করিম (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কর্তৃক নামায আদায়ের সময় এবং তিনি কিভাবে তা আদায় করতেন?

باب فِي وَقْتِ صَلاَةِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَكَيْفَ كَانَ يُصلِّيهَا

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو، _ وَهُوَ ابْنُ الْحَسَنِ بْنِ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ _ قَالَ _ سَأَلْنَا جَابِرًا عَنْ وَقْتِ، صَلَاةِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم فَقَالَ كَانَ يُصَلِّي الظُّهْرَ بِالْهَاجِرَةِ وَالْعَصْرَ وَالشَّمْسُ حَيَّةٌ وَالْمَغْرِبَ إِذَا غَرَبَتِ الشَّمْسُ وَالْعِشَاءَ إِذَا كَثُرَ النَّاسُ عَجَّلَ وَإِذَا قَلُوا أَخَّرَ وَالصَّبْحَ بِغَلَسٍ .

বাংলা

৩৯৭. মুসলিম ইবনু ইব্রাহীম মুহাম্মাদ ইবনু আমর বলেন, আমরা জাবের (রাঃ)-কে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের নামায আদায়ের ওয়াক্ত সম্পর্কে জিজ্ঞাসা করি। জবাবে তিনি (জাবের) বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম যুহয়ের নামায দ্বিপ্রহরের পরপরই, আসরের নামায সূর্য উপরে থাকতেই এবং মাগরিবের নামায সূর্যান্তের পরপরই আদায় করতেন। তিনি এশার নামায জনসমাগম অধিক হলে (অর্থাৎ সকলে জামাআতে উপস্থিত হলে) তাড়াতাড়ি আদায় করতেন এবং জনগণের উপস্থিতি কম হলে বিলম্ব করতেন, এবং অন্ধকার থাকতেই ফজরের নামায আদায় করতেন। (বুখারী, মুসলিম, নাসান্ট)।

English

Muhammad b. 'Amr b. al-Hasan reported:

We asked Jabir about the time of the prayer of the Messenger of Allah (ﷺ). He said: He used to offer the Zuhr prayer in the midday heat, the 'Asr prayer when the sun was bright, the Maghrib prayer when the sun had completely set, the Isha prayer early when many people were present, but late if there were few, and the Fajr prayer in the darkness (of the dawn).



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু 'আমর ইবনু হাসান ইবনু 'আলী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন